...ক ইনকিলাব

তারিখ 17 MAR 1988

পৃষ্ঠা 1 কলাম 6

009

# আজ ৪টি বোর্ডের এসএসসি পরীক্ষা

।। স্টাফ রিপোর্টার ।।

আজ থেকে সারাদেশে ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা '৮৮ শুরু হতে যাচ্ছে। দেশের বাইরে ৭টি কেন্দ্রসহ মোট ৪শ' ৭৫টি কেন্দ্রে ৪ লাখ ১৬ হাজার ৬১ জন

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

# এসএসসি পরীক্ষার কেন্দ্র নিয়ে জটিলতা ঃ চট্টগ্রাম শহর আরো উত্তপ্ত

।। চট্টগ্রাম ব্যুরো ।।

১৬ মার্চ।— এসএসসি পরীক্ষার কেন্দ্র নিয়ে সৃষ্ট জটিলতায় চট্টগ্রাম শহর আজ আরও উত্তপ্ত হয়ে উঠে। সকাল ১০টা

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## পরীক্ষা কেন্দ্র

প্রথম পৃষ্ঠার পর

থেকে বিক্ষুব্ধ হাজার হাজার ছাত্র-ছাত্রী দলবদ্ধভাবে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক অচল করে দেয়ার প্রচেষ্টা চালায়। বিক্ষুব্ধ ছাত্রদেরকে ছত্রভঙ্গ করার জন্য পুলিশ এসময় লাঠিচার্জ করে। অক্সিজেন, মুরাদপুর, নিউমার্কেটসহ শহরের বিভিন্ন এলাকায় যানবাহনের ওপর হামলা চালালে কমপক্ষে ১০টি বাস/কোস্টারের ক্ষতি সাধিত হয়। ফলে, দুপুর ১২টা থেকে বিভিন্ন সড়কে যানবাহন চলাচল হ্রাস পায়। বিভিন্ন স্থানে সারাদিন বিক্ষিপ্ত বোমাবাজির শব্দ পাওয়া যায়। অক্সিজেন এলাকা থেকে পুলিশ ২ জন পরীক্ষার্থীকে গ্রেফতার করেছে।

নকল প্রবণতা রোধকল্পে আকস্মিকভাবে পরীক্ষা কেন্দ্র কমিয়ে আনলেও বোর্ড কর্তৃপক্ষ সঠিক সময়ে পরীক্ষার্থীদেরকে কেন্দ্র সম্পর্কে সুস্পষ্ট ঘোষণা দিতে ব্যর্থ হওয়ায় এই অসন্তোষ দেখা দিয়েছে। একই সাথে অভিভাবকদের মাঝে এই নিয়ে উৎকণ্ঠা বৃদ্ধি পেয়েছে।

## এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

ছাত্র-ছাত্রী এ পরীক্ষায় অংশগ্রহণ করবে। দেশের বাইরে ৭টি কেন্দ্র থেকে পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা ২০ জন বলে কর্তৃপক্ষ জানিয়েছেন।

এবারের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ৪ লাখ ১৬ হাজার ৬১ জন পরীক্ষার্থীর মধ্যে ছাত্রের সংখ্যা ২ লাখ ৮৬ হাজার ৪শ' ৬২ জন এবং ছাত্রীর সংখ্যা ১ লাখ ২৯ হাজার ৫শ' ৯৯ জন।

মোট পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডের ছাত্র সংখ্যা ৮৩ হাজার ৯শ' ৬৪ জন এবং ছাত্রীর সংখ্যা ৪২ হাজার ১শ' ৯৭ জন। রাজশাহী বোর্ডের ছাত্র সংখ্যা ৭১ হাজার ৪শ' জন এবং ছাত্রীর সংখ্যা ২৭ হাজার ৫শ' ৫৬ জন। কুমিল্লা বোর্ডের ছাত্র সংখ্যা ৬৯ হাজার ৮শ' ৪৭ জন এবং ছাত্রী সংখ্যা ৩১ হাজার ৫শ' ৫০ জন। যশোর বোর্ডের ছাত্র সংখ্যা ৬১ হাজার ২শ' ৫১ জন এবং ছাত্রী সংখ্যা ২৮ হাজার ২শ' ৯৬ জন।

দেশের বাইরে ৭টি কেন্দ্রসহ সারা দেশের যে ৪শ' ৭৫টি কেন্দ্রে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে তন্মধ্যে ঢাকা বোর্ডের অধীনে রয়েছে ১শ' ২৩টি কেন্দ্র, রাজশাহী বোর্ডের অধীনে ১শ' ২৭টি কেন্দ্র,

কুমিল্লা বোর্ডের অধীনে ১শ' ১৩টি কেন্দ্র এবং যশোর বোর্ডে ১শ' ৫টি কেন্দ্র রয়েছে। এছাড়া দেশের বাইরে যে ৭টি কেন্দ্র রয়েছে সেগুলো হচ্ছে জেদ্দা, রিয়াদ, ত্রিপলী, কুয়েত, কাতার, আবুধাবী ও ক্যানবেরা।

ঢাকা মহানগরীর ৪টি জোনে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় ১৮ হাজার ৬শ' ৩১ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৪শ' ৫৩ জন প্রাইভেট ছাত্রসহ মোট ৯ হাজার ৫শ' ৩৭ জন ছাত্র এবং ৬শ' ৮২ জন প্রাইভেট ছাত্রীসহ মোট ৯ হাজার ৯৪ জন ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করতে যাচ্ছে। পরীক্ষা কেন্দ্রসমূহে সুষ্ঠু শান্তিপূর্ণ ও স্বাভাবিক পরিবেশ বজায় রাখার জন্যে প্রশাসন কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছেন।

গৃহীত ব্যবস্থা অনুযায়ী পরীক্ষা কেন্দ্রের ২শ' গজের মধ্যে ৪ জনের অধিক জমায়েত নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। সংবাদ সংস্থা বাসস জানায়, শিক্ষা মন্ত্রণালয় কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার গণবটি পরীক্ষা কেন্দ্রকে বাতিল ঘোষণা করেছে।

গণবটি কেন্দ্রে কিছুসংখ্যক লোকের কার্যকলাপের কারণে আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতি ঘটায় শিক্ষা মন্ত্রণালয় এ সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া শিক্ষা মন্ত্রণালয় গণবটি হাই স্কুলের সকল আর্থিক সাহায্য বন্ধ ঘোষণা করেছে।